



ডিপ্লোমা কৃষিবিদ ইনসিটিউশন, বাংলাদেশ

DIPLOMA KRISHIBID INSTITUTION, BANGLADESH

প্রধান কার্যালয়

কৃষি ল্যাবরেটরী বিল্ডিং, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

ফোনঃ ৯১৩১৫৮০, ফ্যাক্সঃ +৮৮০-২-৯১১৬৩৩২, ই-মেইলঃ dkib.bd@gmail.com, ওয়েবঃ www.dkib.org

স্মারক নং- ০৬

মাননীয়,

হইপ

বাংলাদেশ জাতীয় সংসদ।

তারিখঃ ১০।০১।২০১৫খ্রি

বিষয়ঃ কারিগরী শিক্ষা বোর্ড পরিচালিত কৃষি ডিপ্লোমা সনদপ্রাপ্ত কৃষি মন্ত্রণালয়ের অধীন কর্মরত উপ-সহকারী
কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের ১০ম গ্রেড বেতন ক্ষেত্রে উন্নিত করণ প্রসঙ্গে।

জনাব,

ডিপ্লোমা কৃষিবিদ ইনসিটিউশন, বাংলাদেশ এর পক্ষ থেকে আপনাকে স্বশৃঙ্খল সালাম জানাচ্ছি।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে আপনার সদয় দৃষ্টি আকর্ষন করছি যে, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের
অধীন প্রকৌশলী ডিপ্লোমা ও কৃষি ডিপ্লোমা কোর্স একই মেয়াদের ও সমর্যাদা সম্পন্ন। প্রকৌশলী ডিপ্লোমাধারী
গণ অনেক পূর্ব থেকেই ১০ম গ্রেড বেতন ক্ষেত্রে ভূজ্ঞ ও ২য় শ্রেণী পদমর্যাদা সম্পন্ন, কিন্তু শিক্ষা কোর্স একই
মেয়াদের ও সমর্যাদা সম্পন্ন হওয়া সত্ত্বেও ডিপ্লোমা কৃষিবিদদেরকে ১০ম গ্রেড বেতন ক্ষেত্রে ও ২য় শ্রেণী
পদমর্যাদা দেওয়া হয় নাই। এ বিষয়ে অত্র সংগঠনের দাবির প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় ইতোমধ্যেই কৃষি
মন্ত্রণালয়ের অধীন কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতন ক্ষেত্রে
ও ২য় শ্রেণী পদমর্যাদা প্রদানের সম্মতি প্রদান করেন। পরবর্তী কালে গত ২৩ অক্টোবর ২০১৩খ্রি তারিখে মাননীয়
প্রধানমন্ত্রী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম
গ্রেড ক্ষেত্রে ও ২য় শ্রেণী পদমর্যাদা প্রদানের আনুষ্ঠানিক ঘোষণা দেন। সে প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয় ২৯
অক্টোবর ২০১৩খ্রি তারিখে ২য় শ্রেণী পদমর্যাদা উন্নিতের সম্মতি প্রদান করলেও ১০ম গ্রেড বেতন ক্ষেত্রে
উন্নিতের সম্মতি না দেওয়াই মাননীয় প্রধানমন্ত্রীর মহান ঘোষণা বাস্তবায়নের লক্ষ্যে ০৩ নভেম্বর ২০১৩খ্রি
তারিখে ডিপ্লোমা কৃষিবিদ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ১০ম গ্রেড বেতন ক্ষেত্রে উন্নিতের জন্য কৃষি
মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করেন। বিষয়টি নিষ্পত্তির জন্য বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রী সভা
কমিটির ইতি পূর্বে ১৭/১১/২০১৩খ্রি ও ০২/০৭/২০১৪খ্রি তারিখের সভার ৩ নং আলোচ্যসূচীতে ছিল।
অনিবার্যকারণ বশতঃ উক্ত সভা গুলি না হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন অবস্থায় আছে।

জনাব, মাননীয় প্রধানমন্ত্রীর ২৩ অক্টোবর ২০১৩খ্রি তারিখের মহান ঘোষণা বাস্তবায়নের লক্ষ্যে দীর্ঘদিন
উপেক্ষিত ডিপ্লোমা কৃষিবিদদের ১০ম গ্রেড বেতন ক্ষেত্রে বিষয়টি মহান জাতীয় সংসদের মাননীয় হইপ
হিসাবে আপনার সক্রিয় সহযোগিতায় সমাধানের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

আপনার বিশ্বস্ত

সংযুক্তঃ এতদসংক্রান্ত সকল কাগজপত্রাদি - ১ সেট।

মাঝে মাঝে
(মোঃ আক্তুর রাশেদ খান)
মহাসচিব

ডিপ্লোমা কৃষিবিদ ইনসিটিউশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৮১৯-৭২৪৭৫৭